

# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

আপীল বিভাগ

[www.supremecourt.gov.bd](http://www.supremecourt.gov.bd)

বিজ্ঞপ্তি নং-৩৬/২০২৬ এসসি (এডি)

তারিখ: ০২ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ

১৬ জুন ২০২৬ খ্রি

## বিজ্ঞপ্তি


বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের ০৩ জন কোর্ট এসোসিয়েট সর্বজনাব মোঃ ওমর ফারুক সরদার, মোঃ কাঞ্চন মিয়া, মাকসুদা আক্তার এর কর্মরত পদ কোর্ট এসোসিয়েট পদের ২য় শ্রেণীর পদমর্যাদাসহ জাতীয় বেতন স্কেল/২০১৫ অনুযায়ী (গ্রেড ১১তম) ১২৫০০-৩০২৩০/- স্কেল হতে (গ্রেড ৯ম) ২২০০০-৫৩০৬০/- স্কেলে উন্নীতকরণ প্রসঙ্গে।

নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ৪৬৩৯/২০০৯ হতে উদ্ভূত আপীল বিভাগের সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং ১৪৩৯/২০১২ এর আদেশ বাস্তবায়নের নিমিত্ত আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের গত ৩০/০৬/২০১৪খ্রি. তারিখে ১০.১২৬.০০৪.০০.০০.১৫৬.২০১১-২৬৮২ নং স্মারকে জারীকৃত পৃষ্ঠাংকনে ও অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ, বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন শাখা-৫ এর গত ০৪/০৬/২০১৪খ্রি. তারিখের স্মারক নং ০৭.০০.০০০০.১৬৫.১০.০০৬.১৪-৮১ এবং অর্থ বিভাগের গত ২৫-০৯-২০১৬খ্রি. তারিখের স্মারক নং ০৭.১৫৫.০০৪.৩৫.০০.০০২.২০১১-৫৯৮ এর মাধ্যমে আপীল বিভাগের কোর্ট এসোসিয়েট পদকে ২য় শ্রেণীর পদমর্যাদাসহ জাতীয় বেতন স্কেল/২০০৯ অনুযায়ী ৬৪০০-১৪২৫৫/- টাকার স্কেল (গ্রেড ১১তম) হতে ১১০০০-২০৩৭০/- (গ্রেড ৯ম) টাকার স্কেলে উন্নীতকরণ করা হয়েছে।

০২। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের গত ২১/০১/২০১৯খ্রি. তারিখে ১০.০০.০০০০.১২৬.১৫.০০৭.১৫ (অংশ)-০৮ নং স্মারকে আপীল বিভাগের জন্য 'কোর্ট এসোসিয়েট' এর আরো ০৩টি পদ সৃজন করা হয়, যা জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী গ্রেড-১১, ১২৫০০-৩০২৩০/- টাকার স্কেলভুক্ত। উক্ত পদে আপীল বিভাগের ২৭/১১/২০২৫ খ্রি. তারিখের ৬০/২০২৫ এসসি (এডি) বিজ্ঞপ্তিমূলে ক্যাশিয়ার জনাব মোঃ ওমর ফারুক সরদার, প্রশাসনিক কর্মকর্তা জনাব মোঃ কাঞ্চন মিয়া এবং হিসাবরক্ষক জনাব মাকসুদা আক্তার-কে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী গ্রেড-১১, ১২৫০০-৩০২৩০/- টাকার স্কেলে পদোন্নতি প্রদান করা হয় এবং তাদের যোগদানপত্র ৩০/১১/২০২৫ খ্রি. তারিখে গৃহীত হয়েছে।

০৩। এমতাবস্থায়, হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ৪৬৩৯/২০০৯ হতে উদ্ভূত আপীল বিভাগের সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং ১৪৩৯/২০১২ এর আলোকে মন্ত্রণালয়ের সম্মতি পত্র, এতদ্ সংক্রান্ত প্রকাশিত গেজেটের বর্ণানুক্রমে আপীল বিভাগের বিজ্ঞপ্তি নং ৬০/২০২৫ এসসি (এডি) তারিখ ২৭/১১/২০২৫খ্রি. এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত, কোর্ট এসোসিয়েট সর্বজনাব মোঃ ওমর ফারুক সরদার, মোঃ কাঞ্চন মিয়া এবং মাকসুদা আক্তার-কে ২য় শ্রেণীর পদমর্যাদাসহ তাদের যোগদানের তারিখ অর্থাৎ ৩০/১১/২০২৫ খ্রি. হতে বকেয়া ও অন্যান্য সুযোগ-সুবিধাদি প্রাপ্যতাসহ জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড ১১ তথা ১২৫০০-৩০২৩০/- স্কেল থেকে গ্রেড ৯ম তথা ২২০০০-৫৩০৬০/- টাকার স্কেলে কোর্ট এসোসিয়েট পদে উন্নীতকরণ করা হলো।

০৪। মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের অনুমোদনক্রমে অত্র বিজ্ঞপ্তি জারী করা হলো।

  
(আশিকুল খবির)

রেজিস্ট্রার


তারিখঃ- ১৬ জুন ২০২৬ খ্রি.

স্মারক নং- ৬০৪(১-১৭)/২০২৬ এসসি (এডি)

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
৪. অতিরিক্ত রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
৫. মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের একান্ত সচিব, আপীল বিভাগ, ঢাকা।

৬. ডেপুটি রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা.....সকল।
৭. উপ- পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা  
(বিষয়টি বাংলাদেশ গেজেটে প্রকাশ করতঃ এর ২০ কপি অত্র কোর্টের প্রশাসন শাখায় প্রেরণের করার অনুরোধসহ)
৮. সহকারী রেজিস্ট্রার (প্রশাসন/বিচার/প্রিন্টিং), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
৯. প্রোগ্রামার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে এঁচারের জন্য)।
১০. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং-৫২৮, ৫ম তলা, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১১. সুপারিনটেন্ডেন্ট (প্রশাসন/বিচার/প্রিন্টিং), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
১২. জনাব মোঃ ওমর ফারুক সরদার, কোর্ট এসোসিয়েট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
১৩. জনাব মোঃ কাঞ্চন মিয়া, কোর্ট এসোসিয়েট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
১৪. জনাব মাকসুদা আক্তার, কোর্ট এসোসিয়েট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
১৫. হিসাবরক্ষক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
১৬. ক্যাশিয়ার (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
১৭. অফিস কপি।

  
২৬/০৬/১৬

(জহিরুল আলম ভূঁইয়া)

সহকারী রেজিস্ট্রার (প্রঃ)(ভঃ)